

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৪৫/২০১৬

অভিযোগকারী : জনাব আবু ইউনুছ মাসুদ আহম্মদ
(রানা), পিতা-মৃত. আবু ইছা সাব্বির
আহম্মদ, দৈনিক সরেজমিন বার্তা
৭৫, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড
মালিবাগ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম চৌধুরী
পরিচালক (জোন-৫)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ৩০-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ০৩-০৪-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

নির্মানাধীন অবৈধ ভবন এর হোল্ডিং নম্বর ৩৭/২-এ আজিমপুর রোড (কবরস্থান গেটের বিপরীতে) লালবাগ, ঢাকা (যার মূল দলিল নং- ২৬১০-৩২-৩০/১৯৬০ আর এস খতিয়ান নং-৬৮৫ দাগ নং-৭০১৪ ও ৭০১৫ এবং এস এ দাগ নং-৩৮৭৭ মৌজা হাজারীবাগ, থানা-লালবাগ)। অবৈধ ভবন নির্মাণের প্রেক্ষাপটে রাজউক স্মারক নম্বর-রাজউক/উ:অ:অ:-৫/অভি:-৪৫/১৫/২১১ স্থা: তারিখ ০৯-০৩-২০১৫ ইং যোগে সুফিয়া সুলতানাকে চূড়ান্ত নোটিস প্রদান করা হয়। ওই চূড়ান্ত নোটিসের সর্বশেষ অবস্থান রাজউক স্মারক নম্বর ২৫.৩৯.০০০০.০১১.৯৯.২৮৭(৭).১৫-৫৪৮ তারিখ ২৫-০২-২০১৬ ইং যোগে জানানো হয় উল্লেখিত প্লটের অবৈধ স্থাপনা উচ্ছেদ প্রস্তাব অনুমোদন সাপেক্ষে কার্যক্রম পরিচালনা করা হবে। উক্ত উচ্ছেদ প্রস্তাব এর অনুমোদন সর্বশেষ কোন পর্যায়ে রয়েছে তার দালিলিক প্রমাণপত্র পেতে চাই।

- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০২-০৫-২০১৬ তারিখে সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, আব্দুল গণি রোড, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০১-০৬-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনান্তে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৪-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী হাজির এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিনিধি পাঠিয়ে গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে শুনানীতে ব্যক্তিগত ভাবে উপস্থিতির জন্য ৩০-০৮-২০১৬ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ৩০-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার চাহিত তথ্যাদি প্রদান না করায় সংশ্লিষ্ট হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৬। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য সম্বলিত জবাব অদ্য শুনানীতে সাথে করে নিয়ে এসেছেন। শুনানীতে তথ্য কমিশনের নির্দেশক্রমে অভিযোগকারীকে চাহিত তথ্যের জবাব সরবরাহ করা হবে মর্মে নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত

বিস্তারিত নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাঙ্গ তথ্য উপর্যুক্ত পর্যালোচনার আলোকে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার